

বনিকবার্তা বুধবার, মার্চ ২৭, ২০২৪ ■ চৈত্র ১৩, ১৪৩০



নর্থ সাউথ ইউনিভার্সিটি

স্বাধীনতা ও বিজয় দিবস উদযাপন উপলক্ষে নর্থ সাউথ ইউনিভার্সিটি (এনএসইউ) গতকাল এক আলোচনা সভার আয়োজন করে। আলোচনা সভায় প্রধান অতিথি ছিলেন সাংবাদিক, কথাসাহিত্যিক, গবেষক ও ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক আফসান চৌধুরী। এতে সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক আতিকুল ইসলাম। এছাড়া অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন এনএসইউর কোষাধ্যক্ষ ও উপ-উপাচার্য (ভারপ্রাপ্ত) অধ্যাপক আবদুর রব খান, বিভিন্ন স্কুলের ডিন, পরিচালক, বিভিন্ন বিভাগের চেয়ারম্যান, উর্ধ্বতন কর্মকর্তা, শিক্ষক ও শিক্ষার্থীরা।

